মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি
গুলফেশা প্লাজা (৭ম তলা)
৮, শহীদ সাংবাদিক সেলিনা পারভীন সড়ক
বড় মগবাজার, রমনা, ঢাকা-১২১৭
www.prebd.com

স্মারক নং-৫৩.০৪.০০০০.০০১.১১.০০৮.২২-৮২০

তারিখ ৯ ভাদ্র ১৪২৯
২৩ মার্চ ২০২৩

# নিয়োগ বিজ্ঞপ্তি

মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি (এমআরএ)-এর রাজস্ব খাতভুক্ত নিম্নোক্ত শূন্য পদসমূহে অস্থায়ী ভিত্তিতে জনবল নিয়োগের লক্ষ্যে পদের পার্শ্বে বর্ণিত যোগ্যতাসম্পন্ন বাংলাদেশের স্থায়ী নাগরিকগণের নিকট হতে অনলাইনে http://mra.teletalk.com.bd ওয়েবসাইটের মাধ্যমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে :

| ক্র ম. | পদের নাম ও বেতনস্কেল (জাতীয় বেতনস্কেল-২০১৫ অনুযায়ী) | পদের সংখ্যা | সর্বোচ্চ বয়সসীমা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | যে সকল জেলার বাসিন্দা/নাগরিকগণ আবেদন করতে পারবেন না |
|---|---|---|---|---|---|
| ১ | কম্পিউটার অপারেশন সুপারভাইজার গ্রেড-৬ (৩৫৫০০-৬৭০১০/-) | ১(এক)টি | ৩৫ বৎসর | (১) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার সায়েন্স/কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং/ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি;<br>(২) কোনো সরকারি/স্বায়ত্তশাসিত/আধাস্বায়ত্তশাসিত/সংবিধিবদ্ধ প্রতিষ্ঠানে সিনিয়র কম্পিউটার অপারেটর/সহকারী প্রোগ্রামার/সহকারী রক্ষণাবেক্ষণ প্রকৌশলী হিসেবে অন্যূন ৪ (চার) বৎসরের চাকুরি।<br>(৩) অথরিটি কর্তৃক নির্ধারিত নিয়োগ পদ্ধতি অনুসরণপূর্বক গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। | প্রযোজ্য নয়। |
| ২ | সহকারী পরিচালক গ্রেড-৯ (২২০০০-৫৩০৬০/-) | ৫(পাঁচ)টি | ৩০ বৎসর; তবে বীর মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা ও শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর। | (১) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি অথবা ৪ (চার) বৎসর মেয়াদি অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(২) শিক্ষাজীবনের কোনো স্তরে তৃতীয় শ্রেণি বা বিভাগ বা সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য হইবে না। | প্রযোজ্য নয়। |
| ৩ | সহকারী প্রোগ্রামার গ্রেড-৯ (২২০০০-৫৩০৬০/-) | ১(এক)টি | | (১) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার সায়েন্স/কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং/ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি; এবং<br>(২) অথরিটি কর্তৃক নির্ধারিত নিয়োগ পদ্ধতি অনুসরণপূর্বক গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। | প্রযোজ্য নয়। |
| ৪ | সিনিয়র কম্পিউটার অপারেটর গ্রেড-৯ (২২০০০-৫৩০৬০/-) | ১(এক)টি | | (১) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার সায়েন্স/কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং/ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি; এবং<br>(২) অথরিটি কর্তৃক নির্ধারিত নিয়োগ পদ্ধতি অনুসরণপূর্বক গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। | প্রযোজ্য নয়। |
| ৫ | উপ সহকারী পরিচালক গ্রেড-১০ (১৬০০০-৩৮৬৪০/-) | ২(দুই)টি | | (১) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(২) শিক্ষা জীবনের কোনো স্তরে তৃতীয় শ্রেণি বা বিভাগ বা সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য হইবে না। | প্রযোজ্য নয়। |
| ৬ | ডাটা এন্ট্রি অপারেটর গ্রেড-১৬ (৯৩০০-২২৪৯০/-) | ২(দুই)টি | ১৮-৩০ বৎসর; তবে বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা ও শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর। | (১) কোনো স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(২) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় ২০ শব্দ এবং ইংরেজিতে ২০ শব্দের গতিসহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test (ব্যবহারিক পরীক্ষা)-এ উত্তীর্ণ হতে হবে;<br>(৩) বাংলা ও ইংরেজি উভয় প্রকার মুদ্রাক্ষরের ক্ষেত্রে প্রতি ৫টি স্ট্রোক একটি শব্দ হিসেবে গণ্য হবে;<br>(৪) ৫% এর অধিক ভুলের ক্ষেত্রে কোনো গতি অর্জন করেননি বলে গণ্য হবে;<br>(৫) ব্যবহারিক পরীক্ষায় শুধু উত্তীর্ণ/অনুত্তীর্ণ হিসেবে গণ্য হবে; এবং<br>(৬) লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরা শুধু ব্যবহারিক পরীক্ষায় এবং ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই শুধু মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন। | ঢাকা বিভাগের ফরিদপুর, গাজীপুর, গোপালগঞ্জ,কিশোরগঞ্জ, মাদারীপুর, মানিকগঞ্জ, নারায়নগঞ্জ, ও টাংগাইল জেলা।<br>ময়মনসিংহ বিভাগের জামালপুর ও শেরপুর জেলা।<br>চট্টগ্রাম বিভাগের চাঁদপুর, কুমিল্লা, লক্ষীপুর ও নোয়াখালী জেলা।<br>রংপুর বিভাগের গাইবান্ধা, পঞ্চগড়, কুড়িগ্রাম ও ঠাকুরগাঁও জেলা।<br>রাজশাহী বিভাগের বগুড়া, রাজশাহী ও সিরাজগঞ্জ জেলা।<br>খুলনা বিভাগের খুলনা, যশোর ও সাতক্ষীরা জেলা।<br>বরিশাল বিভাগের বরিশাল জেলা।<br>তবে এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটায় সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |
| ৭ | অফিস সহায়ক গ্রেড-২০ (৮২৫০-২০০১০/-) | ৮(আট)টি | | কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | রাজশাহী বিভাগের রাজশাহী জেলা।<br>তবে এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটায় সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |

**নিম্নবর্ণিত শর্তাবলি আবেদন ফরম পূরণ এবং নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে অবশ্যই অনুসরণ করতে হবে :**

১। জনপ্রশাসন মন্ত্রণালয়ের বিধি-১ শাখার ২২/০৯/২০২২ তারিখের ০৫.০০.০০০০.১৭০.১১.০১৭.২০-১৪৯ নং স্মারক মোতাবেক ২৫.০৩.২০২০ তারিখে প্রার্থীর সর্বোচ্চ বয়সসীমা এ নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত সংশ্লিষ্ট পদের বিপরীতে বর্ণিত বয়সসীমার অধিক হবে না। বয়স প্রমাণের ক্ষেত্রে কোনো এফিডেভিড গ্রহণযোগ্য হবে না।

২। সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকুরিরত প্রার্থী যথাযথ কর্তৃপক্ষের অনুমতি সাপেক্ষে আবেদন করবেন এবং মৌখিক পরীক্ষার সময় অনাপত্তিপত্র দাখিল করবেন। এক্ষেত্রে কোনো অগ্রিম কপি গ্রহণযোগ্য হবে না।

৩. প্রার্থী বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা বা পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে আবেদনপত্রে তা স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

৪। সরকারের সর্বশেষ নির্দেশনা অনুযায়ী কোটা সংরক্ষণ করা হবে।

৫. প্রার্থীর যোগ্যতা যাচাই :
প্রার্থীর মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্ণিত (ক্রমিক নং ক হতে জ পর্যন্ত) কাগজপত্রের মূলকপি প্রদর্শনপূর্বক প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা দ্বারা সত্যায়িত সকল সনদের ছায়ালিপি দাখিল করতে হবে:

(ক) প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতার সনদ (প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতা সনদ);

(খ) প্রার্থী যে ইউনিয়ন/পৌরসভা/ওয়ার্ড এর বাসিন্দা সে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদ;

(গ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদ;

(ঘ) মহিলা কোটা ব্যতীত অন্যান্য কোটা দাবীর সমর্থনে প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণক;

(ঙ) জাতীয় পরিচয়পত্র;

(চ) Online-এ পূরণকৃত আবেদনপত্রের কপি (Applicant's Copy) ও Admit Card;

(ছ) আবেদনকারী বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা বা বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে মুক্তিযোদ্ধার সনদপত্র এবং আবেদনকারীর সাথে ধারাবাহিকতার সম্পর্ক উল্লেখপূর্বক সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র;www.prebd.com

(জ) শারীরিক প্রতিবন্ধী, এতিম, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী এবং আনসার ও ভিডিপি প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ।

৬। লিখিত, মৌখিক ও প্রযোজ্য ক্ষেত্রে ব্যবহারিক পরীক্ষার তারিখ ও সময়সূচি পরবর্তীতে এমআরএ'এর নোটিশ বোর্ড ও ওয়েবসাইটের (www.mra.gov.bd) মাধ্যমে জানানো হবে এবং প্রার্থীদের ব্যক্তিগত মুঠোফোনে sms এর মাধ্যমে জানানো হবে।

৭। লিখিত/ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ মৌখিক পরীক্ষার জন্য বিবেচিত হবেন।

৮। লিখিত/ব্যবহারিক/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার টি,এ/ডি,এ প্রদান করা হবে না।

৯। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

১০। নিয়োগের ক্ষেত্রে সরকার কর্তৃক সর্বশেষ জারীকৃত বিধি-বিধান প্রযোজ্য হবে।

১১। নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত শূন্য পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি হতে পারে। এ বিজ্ঞপ্তি আংশিক বা সম্পূর্ণ সংশোধন/বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

**অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলি ও করণীয় :**

(ক) পরীক্ষায় অংশগ্রহণে আগ্রহী প্রার্থীগণ http://mra.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

(i) অনলাইনে আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ : ২৮ মার্চ ২০২৩, সকাল ১০:০০ ঘটিকা।

(ii) অনলাইনে আবেদনপত্র ও পরীক্ষার ফি জমাদানের শেষ তারিখ : ২৭ এপ্রিল ২০২৩, বিকাল ০৫:০০ ঘটিকা।

উক্ত সময়ের মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

(খ) প্রার্থী তার সাম্প্রতিক সময়ে সংগৃহীত (৩ মাসের মধ্যে) রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০ ×প্রস্থ ৩০০ pixel) ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৮০ pixel) স্ক্যান করে Online আবেদনপত্রের নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ, সর্বোচ্চ ১০০KB ও স্বাক্ষর সাইজ, সর্বোচ্চ ৬০KB হতে হবে।

(গ) Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

(ঘ) প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

(ঙ) SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান : Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। যদি Applicant's copy-তে কোন তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/সম্পূর্ণ সাদা/ঘোলা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে আবেদন ফি জমা না দিয়ে থাকলেই কেবল পুনরায় (Web-এ) আবেদন করতে পারবেন। উল্লেখ্য যে, আবেদন ফি জমাদানের পরে আর কোনো পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয় বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's copy-তে তার সাম্প্রতিক তোলা রঙিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষরযুক্ত PDF কপি ডাউনলোডপূর্বক নিশ্চিত করে রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেওয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ২ (দুই) টি SMS করে পরীক্ষার ফি বাবদ নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত ছকে ১-৪ নং ক্রমিকের জন্য পরীক্ষার ফি বাবদ ৬০০/- (ছয়শত) টাকা ও টেলিটকের সার্ভিস চার্জ বাবদ ৬৭.০০ টাকাসহ মোট ৬৬৭.০০ (ছয়শত সাতষট্টি) টাকা, ৫ নং ক্রমিকে বর্ণিত পদের জন্য পরীক্ষার ফি বাবদ ৫০০/- (পাঁচশত) টাকা ও টেলিটকের সার্ভিস চার্জ বাবদ ৫৬.০০ টাকাসহ মোট ৫৫৬.০০ (পাঁচশত ছাপান্ন) টাকা, ৬ নং ক্রমিকে বর্ণিত পদের জন্য পরীক্ষার ফি বাবদ ২০০/- (দুইশত) টাকা ও টেলিটকের সার্ভিস চার্জ বাবদ ২৩.০০ টাকাসহ মোট ২২৩.০০ (দুইশত তেইশ) টাকা এবং ৭ নং ক্রমিকের জন্য পরীক্ষার ফি বাবদ ১০০/- (একশত) টাকা ও টেলিটকের সার্ভিস চার্জ বাবদ ১২.০০ টাকাসহ মোট ১১২.০০ (একশত বার) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।

প্রথম SMS:
MRA<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example: MRA ABCDEF & send to 16222
Reply: Applicant's Name, TK-667/556/223/112 will be charged as application fee. Your PIN is 12345678, To pay fee Type MRA<space> Yes <space> PIN and Send to 16222 নম্বরে।

দ্বিতীয় SMS:
MRA<space> Yes <space> PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example: MRA Yes 12345678
Reply: Congratulations Applicant's Name. Payment Completed Successfully for MRA Application for (Post Name) User ID is (ABCDEF) and Password (xxxXXXXX).

(চ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://mra.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদের) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্চনীয়।

(ছ) SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙিন প্রিন্ট করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন। www.prebd.com

(জ) শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।
(i) User ID জানা থাকলে MRA<space>Help<space> User <space> User ID & send to 16222
Example: MRA Help User ABCDEF & send to 16222
(ii) PIN Number জানা থাকলে MRA<space>Help<space>PIN<space> PIN No& send to 16222
Example: MRA Help PIN 12345678 & send to 16222

(ঝ) বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি'র ওয়েবসাইট www.mra.gov.bd এ বিজ্ঞপ্তিসহ এতদসংক্রান্ত সকল তথ্য দেখা যাবে। অথবা QR Code স্ক্যান এর মাধ্যমে টেলটকের জব পোর্টাল http://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য www.mra.gov.bd ওয়েবসাইট হতে জানা যাবে।

(ঞ) Online -এ আবেদন করতে কোনো সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ নম্বরে অথবা alljobs.query@teletalk.com.bd এবং dd_hr@mra.gov.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে। এছাড়া টেলিটকের জবপোর্টাল এর ফেসবুক পেজ https://www.facebook.com/alljobsbdteletalk-এ ম্যাসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে। (Mail/মেসেজ এর subject-এ Organization Name: MRA Post Name: * * * * *, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে।)

(ট) ডিক্লারেশন: প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে অথবা নিয়োগের পরে যে কোনো পর্যায়ে প্রার্থিতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

১২। Online-এ আবেদন ও নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যে কোন বিষয় নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
১৩। শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে Online -এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান করতে পরামর্শ দেয়া যাচ্ছে।
১৪। Online-এ আবেদন ও নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

এক্সিকিউটিভ ভাইস-চেয়ারম্যান
মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি